# বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA)

নায়েম ক্যাম্পাস, একাডেমিক ভবন (৬ষ্ঠ তলা), ধানমন্ডি, ঢাকা-১২০৫
ফ্যাক্স ঃ ৮৬৫০৮৮৩, ওয়েবসাইট ঃ ntrca.teletalk.com.bd
www.ntrca.gov.bd, ই-মেইল: ntrca2005@yahoo.com

স্মারক নম্বর ঃ বেশিনিক/প.মূ.প্র./৯ম নি.প/৩৯৩/২০১৩/২২৯ তারিখ ঃ ০৩ এপ্রিল, ২০১৩ খ্রিঃ

## ৯ম শিক্ষক নিবন্ধন পরীক্ষা-২০১৩

### বিজ্ঞপ্তি

বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA) কর্তৃক দেশের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহে নিম্নবর্ণিত পদে নিয়োগযোগ্য প্রার্থীদের নিবন্ধন ও প্রত্যয়নের লক্ষ্যে ৯ম শিক্ষক নিবন্ধন পরীক্ষা ২০১৩-তে অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীদের নিকট হতে আবেদনপত্র আহ্বান করা হচ্ছে ঃ

| শিক্ষা প্রতিষ্ঠানের ধরণ | পদের নাম | পরীক্ষার বিষয় | প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা (ন্যূনতম) |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| নিম্নমাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়/ মাদরাসা | সহকারী শিক্ষক (বাংলা) | বাংলা | ১. স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক পর্যায়ে ৩০০ নম্বরের বাংলাসহ স্নাতক ডিগ্রি/ সমমান ও বিএড ডিগ্রি/ সমমান। অথবা;<br>২. স্নাতক পর্যায়ে ৩০০ নম্বরের বাংলাসহ স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রি/ সমমান।<br>(সমগ্র শিক্ষাজীবনে যেকোন ১টি ৩য় বিভাগ/ শ্রেণী/ সমমানের জিপিএ গ্রহণযোগ্য হবে) |
| | সহকারী শিক্ষক (ইংরেজি) | ইংরেজি | ১. স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক পর্যায়ে ৩০০ নম্বরের ইংরেজিসহ স্নাতক ডিগ্রি/ সমমান ও বিএড ডিগ্রি/ সমমান। অথবা;<br>২. স্নাতক পর্যায়ে ৩০০ নম্বরের ইংরেজিসহ স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রি/ সমমান।<br>(সমগ্র শিক্ষাজীবনে যেকোন ১টি ৩য় বিভাগ/ শ্রেণী/ সমমানের জিপিএ গ্রহণযোগ্য হবে) |
| | সহকারী শিক্ষক (সামাজিক বিজ্ঞান) | ১. অর্থনীতি ২. রাষ্ট্রবিজ্ঞান ৩. ইতিহাস ৪. ইসলামের ইতিহাস ও সংস্কৃতি ৫. সমাজ বিজ্ঞান ৬. সমাজ কল্যাণ/ সমাজ কর্ম ৭. ভূগোল ও পরিবেশ বিজ্ঞান | ১. স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়সহ স্নাতক ডিগ্রি/ সমমান ও বিএড ডিগ্রি/ সমমান। অথবা;<br>২. স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়সহ স্নাতক ডিগ্রি/ সমমান।<br>(সমগ্র শিক্ষাজীবনে যেকোন ১টি ৩য় বিভাগ/ শ্রেণী/ সমমানের জিপিএ গ্রহণযোগ্য হবে) |
| | সহকারী শিক্ষক (ব্যবসায় শিক্ষা) | ১. ব্যবসায় শিক্ষা (হিসাব বিজ্ঞান, ব্যবসায় পরিচিতি, অর্থায়ন ও বাজারজাতকরণ, ব্যবসায় উদ্যোগ ও বাণিজ্যিক ভূগোল) | ১. স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্য/ ব্যবসায় শিক্ষা বিভাগে স্নাতক ডিগ্রি/ সমমান ও বিএড ডিগ্রি/ সমমান। অথবা;<br>২. স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্য বিভাগে স্নাতক ডিগ্রি/ সমমান।<br>(সমগ্র শিক্ষাজীবনে যেকোন ১টি ৩য় বিভাগ/ শ্রেণী/ সমমানের জিপিএ গ্রহণযোগ্য হবে) |
| নিম্নমাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়/ মাদরাসা/ কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান | সহকারী শিক্ষক (গণিত ও সাধারণ বিজ্ঞান) | গণিত | ১. স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে গণিতসহ বিজ্ঞান বিভাগে স্নাতক ডিগ্রি/ সমমান ও বিএড ডিগ্রি/ সমমান।। অথবা;<br>২. স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে গণিতসহ বিজ্ঞান বিভাগে স্নাতক ডিগ্রি/ সমমান।<br>(সমগ্র শিক্ষাজীবনে যেকোন ১টি ৩য় বিভাগ/ শ্রেণী/ সমমানের জিপিএ গ্রহণযোগ্য হবে) |
| | সহকারী শিক্ষক (বিজ্ঞান) | ১. পদার্থবিজ্ঞান ২. রসায়ন | ১. স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পদার্থবিজ্ঞান/ রসায়ন বিজ্ঞানসহ বিজ্ঞান বিভাগে স্নাতক ডিগ্রি/ সমমান ও বিএড ডিগ্রি/ সমমান। অথবা;<br>২. স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পদার্থবিজ্ঞান/ রসায়ন বিজ্ঞানসহ বিজ্ঞান বিভাগে স্নাতক ডিগ্রি/ সমমান।<br>(সমগ্র শিক্ষাজীবনে যেকোন ১টি ৩য় বিভাগ/ শ্রেণী/ সমমানের জিপিএ গ্রহণযোগ্য হবে) |
| নিম্নমাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়/ মাদরাসা | সহকারী শিক্ষক (কৃষি) | কৃষি শিক্ষা | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে নিম্নের যেকোন ১টি ডিগ্রি/ সমমান থাকতে হবে ঃ<br>১. বিএসসি (পাস/ সম্মান) [কৃষি/ কৃষি অর্থনীতি/ মৎস্য/ পশুপালন/ কৃষি প্রকৌশল/ উদ্ভিদবিদ্যা/ প্রাণিবিদ্যা/ মৃত্তিকা বিজ্ঞান/ ডিভিএম]। অথবা;<br>২. কৃষি ডিপ্লোমা/ সমমান।<br>(সমগ্র শিক্ষাজীবনে যেকোন ১টি ৩য় বিভাগ/ শ্রেণী/ সমমানের জিপিএ গ্রহণযোগ্য হবে) |
| | সহকারী শিক্ষক (গার্হস্থ্য) | গার্হস্থ্য অর্থনীতি | ১. স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়সহ স্নাতক ডিগ্রি/ সমমান ও বিএড ডিগ্রি/ সমমান। অথবা;<br>২. স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়সহ স্নাতক ডিগ্রি/ সমমান।<br>(সমগ্র শিক্ষাজীবনে যেকোন ১টি ৩য় বিভাগ/ শ্রেণী/ সমমানের জিপিএ গ্রহণযোগ্য হবে) |
| | সহকারী শিক্ষক (কম্পিউটার) | কম্পিউটার শিক্ষা | ১. কম্পিউটার বিজ্ঞান/ কম্পিউটার ইঞ্জিনিয়ারিং-এ স্নাতক/ সমমান। অথবা;<br>২. বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড হতে ০৩ (তিন) বছর মেয়াদি ডিপ্লোমা-ইন কম্পিউটার সায়েন্স ডিগ্রি। অথবা;<br>৩. স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রি/ সমমান এবং সরকার অনুমোদিত প্রতিষ্ঠান (নেকটার, যুব উন্নয়ন অধিদপ্তর, মহিলা ও শিশু বিষয়ক অধিদপ্তর, সমাজসেবা অধিদপ্তর, কারিগরি শিক্ষা বোর্ড, সরকারি পলিটেকনিক ইনস্টিটিউট, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় কর্তৃক পরিচালিত কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র এবং স্বীকৃত বিশ্ববিদ্যালয়) হতে কম্পিউটার বিষয়ে ন্যূনতম ০৬ (ছয়) মাসের প্রশিক্ষণ।<br>(সমগ্র শিক্ষাজীবনে যেকোন ১টি ৩য় বিভাগ/ শ্রেণী/ সমমানের জিপিএ গ্রহণযোগ্য হবে) |
| নিম্নমাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয় | সহকারী শিক্ষক (ধর্ম) | ইসলাম শিক্ষা / হিন্দু ধর্ম শিক্ষা/ বৌদ্ধধর্ম শিক্ষা/ খ্রিস্টধর্ম শিক্ষা | **১. ইসলাম ধর্মের ক্ষেত্রে ঃ**<br>ক. কামিল/ সমমান ডিগ্রি। অথবা;<br>খ. ফাজিল/ সমমান ডিগ্রি।<br>**২. হিন্দু ধর্মের ক্ষেত্রে ঃ**<br>ক. উপাধি ডিগ্রিসহ স্নাতক ডিগ্রি। অথবা;<br>খ. সংস্কৃত বিষয়সহ স্নাতক ডিগ্রি।<br>**৩. বৌদ্ধ ধর্মের ক্ষেত্রে ঃ**<br>পালি বিষয়সহ স্নাতক ডিগ্রি।<br>**৪. খ্রিস্ট ধর্মের ক্ষেত্রে ঃ**<br>থিওলজিক্যাল কোর্স সম্পন্নকরণসহ স্নাতক ডিগ্রি।<br>(সকলক্ষেত্রে সমগ্র শিক্ষাজীবনে যেকোন ১টি ৩য় বিভাগ/ শ্রেণী/ সমমানের জিপিএ গ্রহণযোগ্য হবে) |
| নিম্নমাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়/ মাদরাসা/ কলেজ | সহকারী শিক্ষক (শরীর চর্চা)/ শরীরচর্চা শিক্ষক | শারীরিক শিক্ষা ও ক্রীড়া | ১. স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রি/ সমমান ও বি.পি.এড ডিগ্রি। অথবা;<br>২. স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রি/ সমমান ও জুনিয়র ফিজিক্যাল ডিপ্লোমা।<br>(সমগ্র শিক্ষাজীবনে যেকোন ১টি ৩য় বিভাগ/ শ্রেণী/ সমমানের জিপিএ গ্রহণযোগ্য হবে) |
| মাদরাসা | সহকারী মৌলবি | ইসলাম শিক্ষা | ১. স্বীকৃত বিশ্ববিদ্যালয়/ বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড হতে ফাযিল/ সমমান ডিগ্রিসহ বিএমএড/ বিএড/ সমমান<br>অথবা<br>ইসলামী বিশ্ববিদ্যালয় অধিভুক্ত মাদরাসাসমূহ হতে ফাযিল ডিগ্রি/ সমমান এবং বিএমএড/ বিএড/ সমমান<br>অথবা<br>ইসলামী বিশ্ববিদ্যালয়ের থিওলজি অনুষদ, আরবি ও ফিকাহ বিভাগ হতে অনার্স ডিগ্রিসহ বিএমএড/ বিএড/ সমমান।<br>অথবা;<br>২. স্বীকৃত বিশ্ববিদ্যালয়/ বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড হতে ফাযিল ডিগ্রি/ সমমান<br>অথবা<br>ইসলামী বিশ্ববিদ্যালয় অধিভুক্ত মাদরাসাসমূহ হতে ফাযিল ডিগ্রি/ সমমান<br>অথবা<br>ইসলামী বিশ্ববিদ্যালয়ের থিওলজি অনুষদ, আরবি ও ফিকাহ বিভাগ হতে অনার্স ডিগ্রি/ সমমান।<br>(সমগ্র শিক্ষাজীবনে যেকোন ১টি ৩য় বিভাগ/ শ্রেণী/ সমমানের জিপিএ গ্রহণযোগ্য হবে) |
| সংযুক্ত এবতেদায়ি মাদরাসা | এবতেদায়ি প্রধান | ইসলাম শিক্ষা | স্বীকৃত বিশ্ববিদ্যালয়/ বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড হতে ফাযিল ডিগ্রি/ সমমান<br>অথবা<br>ইসলামী বিশ্ববিদ্যালয় অধিভুক্ত মাদরাসাসমূহ হতে ফাযিল ডিগ্রি/ সমমান<br>অথবা<br>ইসলামী বিশ্ববিদ্যালয়ের থিওলজি অনুষদ, আরবি ও ফিকাহ বিভাগ হতে অনার্স ডিগ্রি/ সমমান।<br>(সমগ্র শিক্ষা জীবনে যেকোন ১টি ৩য় বিভাগ/ শ্রেণী/ সমমানের জিপিএ গ্রহণযোগ্য হবে) |
| | জুনিয়র মৌলবি | কুরআন ও তাজবীদ/ ফিক্‌হ ও আরবি | মাদরাসা শিক্ষা বোর্ড হতে আলিম ডিগ্রি বা সমমান।<br>(সমগ্র শিক্ষাজীবনে যেকোন ১টি ৩য় বিভাগ/ শ্রেণী/ সমমানের জিপিএ গ্রহণযোগ্য হবে) |
| | জুনিয়র শিক্ষক (সাধারণ) | ভাষা (বাংলা ও ইংরেজি) | এইচ এস সি/ সমমান।<br>(সমগ্র শিক্ষাজীবনে যেকোন ১টি ৩য় বিভাগ/ শ্রেণী/ সমমানের জিপিএ গ্রহণযোগ্য হবে) |
| | ইবতেদায়ি ক্বারি | কুরআন ও তাজবীদ/ ফিক্‌হ ও আরবি | মাদরাসা শিক্ষা বোর্ড হতে দাখিল মুজাব্বিদ/ আলিম মুজাব্বিদ মাহির।<br>(শুধু দাখিল মুজাব্বিদ হলে অবশ্যই ২য় বিভাগ থাকতে হবে)<br>(সমগ্র শিক্ষাজীবনে যেকোন ১টি ৩য় বিভাগ/ শ্রেণী/ সমমানের জিপিএ গ্রহণযোগ্য হবে) |
| উচ্চ মাধ্যমিক বিদ্যালয়/ কলেজ/ মাদরাসা | প্রদর্শক | ১. পদার্থবিজ্ঞান ২. রসায়ন ৩. প্রাণিবিদ্যা ৪. উদ্ভিদবিজ্ঞান | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়সহ ২য় শ্রেণীর স্নাতক ডিগ্রী/ সমমান।<br>বর্ণিত সর্বশেষ ডিগ্রি ব্যতিত শিক্ষাজীবনের অন্যান্য স্তরে যেকোন ১টি ৩য় শ্রেণী/ সমমান গ্রহণযোগ্য হবে।<br>অথবা<br>স্নাতকোত্তর/ সমমান পর্যায়ের ২য় শ্রেণী থাকলে অন্যান্য পর্যায়ে যেকোন ১টি ৩য় শ্রেণী/ বিভাগ গ্রহণযোগ্য হবে। |
| কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান | সহকারী শিক্ষক, সাধারণ বিষয় (ভাষা) | ১. বাংলা ২. ইংরেজি | ১. স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক পর্যায়ে ৩০০ নম্বরের বাংলা/ ইংরেজিতে স্নাতক ডিগ্রি/ সমমান এবং বিএড ডিগ্রি/ সমমান। অথবা;<br>২. স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক পর্যায়ে ৩০০ নম্বরের বাংলা/ ইংরেজিতে স্নাতক ডিগ্রি/ সমমান।<br>(সমগ্র শিক্ষাজীবনে যেকোন ১টি ৩য় বিভাগ/ শ্রেণী/ সমমানের জিপিএ গ্রহণযোগ্য হবে) |
| মাধ্যমিক কারিগরি/ দাখিল কারিগরি/ ভোকেশনাল ইনস্টিটিউট | ট্রেড ইন্সট্রাক্টর | ১. এগ্রোবেজড ফুড ২. ফিস কালচার অ্যান্ড ব্রিডিং ৩. পোল্ট্রি রিয়ারিং অ্যান্ড ফার্মিং ৪. ফ্রুট অ্যান্ড ভেজিটেবল কালটিভেশন ৫. ফুড প্রসেসিং অ্যান্ড প্রিজারভেশন ৬. ইলেকট্রিক্যাল মেইনটেন্যান্স ওয়ার্কস/ ইলেকট্রিক্যাল মেশিন মেইনটেন্যান্স ৭. জেনারেল ইলেকট্রনিক্স ৮. অডিও ভিডিও সিস্টেমস ৯. অটোমোটিভ ১০. ফার্ম মেশিনারি ১১. রিফ্রিজারেশন অ্যান্ড এয়ারকন্ডিশনিং ১২. বিল্ডিং মেইনটেন্যান্স ১৩. সিভিল কনস্ট্রাকশন ১৪. কম্পিউটার ও তথ্যপ্রযুক্তি ১৫. জেনারেল মেকানিক্স ১৬. মেশিনটুল অপারেশন / মেশিনিস্ট ১৭. ওয়েল্ডিং অ্যান্ড ফেব্রিকেশন / ওয়েল্ডিং ওয়ার্কস ১৮. ড্রেস মেকিং অ্যান্ড টেইলারিং | সংশ্লিষ্ট টেকনোলজিতে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং/ টেকনিক্যাল এডুকেশন/ ভোকেশনাল এডুকেশন ২য় শ্রেণী/ সমমান।<br>অথবা<br>স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে বিজ্ঞান বিভাগে স্নাতকসহ সংশ্লিষ্ট ট্রেডে সরকার কর্তৃক স্বীকৃত কারিগরি প্রতিষ্ঠান থেকে ০১ (এক) বছরের প্রশিক্ষণ।<br>বর্ণিত সর্বশেষ ডিগ্রি ব্যতিত শিক্ষা জীবনের অন্যান্য স্তরে যেকোন ১টি ৩য় শ্রেণী/ সমমান গ্রহণযোগ্য হবে।<br>অথবা<br>স্নাতকোত্তর/ সমমান পর্যায়ের ২য় শ্রেণী থাকলে অন্যান্য পর্যায়ে যেকোন ১টি ৩য় শ্রেণী/ বিভাগ গ্রহণযোগ্য হবে। |
| উচ্চ মাধ্যমিক কারিগরি ও ভোকেশনাল ইনস্টিটিউট | জুনিয়র ইন্সট্রাক্টর (টেক) | ১. কম্পিউটার ও তথ্যপ্রযুক্তি ২. ড্রেস মেকিং অ্যান্ড টেইলারিং ৩. অডিও ভিডিও সিস্টেম ৪. বিল্ডিং মেইনটেনেন্স ৫. জেনারেল মেকানিক্স ৬. জেনারেল ইলেকট্রনিক্স ৭. ফার্ম মেশিনারি | সংশ্লিষ্ট বিষয়ে ২য় বিভাগে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং/ ভোকেশনাল এডুকেশন/ সমমান।<br>বর্ণিত সর্বশেষ ডিগ্রি ব্যতিত শিক্ষা জীবনের অন্যান্য স্তরে যে কোন ১টি ৩য় শ্রেণী/ সমমান গ্রহণযোগ্য হবে।<br>অথবা<br>স্নাতকোত্তর/ সমমান পর্যায়ের ২য় শ্রেণী থাকলে অন্যান্য পর্যায়ে যেকোন ১টি ৩য় শ্রেণী/ বিভাগ গ্রহণযোগ্য হবে। |
| উচ্চ মাধ্যমিক বিদ্যালয় / কলেজ/ মাদরাসা/ ব্যবসায় ব্যবস্থাপনা ইনস্টিটিউট | প্রভাষক | ১. বাংলা ২. ইংরেজি ৩. অর্থনীতি ৪. রাষ্ট্রবিজ্ঞান ৫. ইতিহাস ৬. ইসলামের ইতিহাস ও সংস্কৃতি ৭. দর্শন ৮. সমাজবিজ্ঞান ৯. সমাজকল্যাণ/ সমাজকর্ম ১০. মনোবিজ্ঞান ১১. সংস্কৃত ১২. পদার্থবিদ্যা ১৩. রসায়ন ১৪. গণিত ১৫. প্রাণিবিদ্যা ১৬. উদ্ভিদ বিজ্ঞান ১৭. ভূগোল ও পরিবেশ বিজ্ঞান ১৮. পরিসংখ্যান ১৯. মৃত্তিকা বিজ্ঞান ২০. গার্হস্থ্য অর্থনীতি ২১. ব্যবস্থাপনা ২২. হিসাববিজ্ঞান ২৩. মার্কেটিং ২৪. ফিন্যান্স ২৫. গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান ২৬. ইসলাম শিক্ষা ২৭. পালি | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক ডিগ্রীসহ ২য় শ্রেণী/ সমমানের স্নাতকোত্তর ডিগ্রি।<br>অথবা;<br>স্বীকৃত বিশ্বদ্যিালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে ৪ বছর মেয়াদী ২য় শ্রেণী/ সমমানের স্নাতক (সম্মান) ডিগ্রি।<br>(বর্ণিত সর্বশেষ ডিগ্রি ব্যতিত শিক্ষা জীবনের অন্যান্য স্তরে যেকোন ১টি ৩য় শ্রেণী/ সমমান গ্রহণযোগ্য হবে) |
| উচ্চ মাধ্যমিক বিদ্যালয় / কলেজ | প্রভাষক | ২৮. আরবি | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক ডিগ্রীসহ ২য় শ্রেণী/ সমমানের স্নাতকোত্তর ডিগ্রি।<br>অথবা;<br>স্বীকৃত বিশ্বদ্যিালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে ৪ বছর মেয়াদী ২য় শ্রেণী/ সমমানের স্নাতক (সম্মান) ডিগ্রি।<br>(বর্ণিত সর্বশেষ ডিগ্রি ব্যতিত শিক্ষা জীবনের অন্যান্য স্তরে যেকোন ১টি ৩য় শ্রেণী/ সমমান গ্রহণযোগ্য হবে) |
| মাদরাসা | প্রভাষক | ২৯. আরবি | স্বীকৃত বিশ্ববিদ্যালয়/ বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড হতে ২য় শ্রেণীর কামিল ডিগ্রি বা সমমান<br>অথবা<br>ইসলামী বিশ্ববিদ্যালয় অধিভুক্ত মাদরাসাসমূহ হতে ২য় শ্রেণীর কামিল/ সমমান<br>অথবা<br>ইসলামী বিশ্ববিদ্যালয়ের থিওলজি অনুষদ, আরবি ও ফিকাহ বিভাগ হতে অনার্স ও ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রি/ সমমান।<br>(বর্ণিত সর্বশেষ ডিগ্রি ব্যতিত শিক্ষা জীবনের অন্যান্য স্তরে যেকোন ১টি ৩য় শ্রেণী/ সমমান গ্রহণযোগ্য হবে) |
| কলেজ/ কৃষি ডিপ্লোমা ইনস্টিটিউট | প্রভাষক/ ইন্সট্রাক্টর (টেক) | ৩০. কৃষি | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক ডিগ্রীসহ ২য় শ্রেণী/ সমমানের স্নাতকোত্তর ডিগ্রি।<br>অথবা<br>স্বীকৃত বিশ্বদ্যিালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে ৪ বছর মেয়াদী ২য় শ্রেণী/ সমমানের স্নাতক (সম্মান) ডিগ্রি।<br>অথবা<br>ইন্সট্রাক্টর (টেক)-এর ক্ষেত্রে স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ১. বিএসসি (এজি)/ ২. বিএসসি (ডিভিএম)/ ৩. বিএসসি (ফিসারিজ)/ ৪. বিএসসি (কৃষি প্রকৌশল) বিষয়ে স্নাতক/ সমমান।<br>(বর্ণিত সর্বশেষ ডিগ্রি ব্যতিত শিক্ষা জীবনের অন্যান্য স্তরে যেকোন ১টি ৩য় শ্রেণী/ সমমান গ্রহণযোগ্য হবে) |
| উচ্চ মাধ্যমিক বিদ্যালয়/ কলেজ/ মাদরাসা | প্রভাষক (কম্পিউটার বিজ্ঞান) | ৩১. কম্পিউটার বিজ্ঞান | কম্পিউটার বিজ্ঞান/ কম্পিউটার প্রকৌশলে স্নাতকোত্তর বা ৪ (চার) বছর মেয়াদি ২য় শ্রেণীর স্নাতক (সম্মান) ডিগ্রি।<br>অথবা<br>বিজ্ঞান বিভাগে (পদার্থ, রসায়ন, উদ্ভিদবিজ্ঞান, প্রাণিবিজ্ঞান, গণিত ও পরিসংখ্যান) ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রিসহ সরকার অনুমোদিত যে কোন ১টি প্রতিষ্ঠান (নেকটার, যুব উন্নয়ন অধিদপ্তর, মহিলা ও শিশু বিষয়ক অধিদপ্তর, সমাজসেবা অধিদপ্তর, কারিগরি শিক্ষা বোর্ড, সরকারী পলিটেকনিক ইনস্টিটিউট, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় কর্তৃক পরিচালিত কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র এবং স্বীকৃত বিশ্ববিদ্যালয়) হতে ন্যূনতম ০৬ (ছয়) মাস মেয়াদি প্রশিক্ষণপ্রাপ্ত হতে হবে।<br>(বর্ণিত সর্বশেষ ডিগ্রি ব্যতিত শিক্ষা জীবনের অন্যান্য স্তরে যেকোন ১টি ৩য় শ্রেণী/ সমমান গ্রহণযোগ্য হবে) |
| ব্যবসায় ব্যবস্থাপনা ইনস্টিটিউট | প্রভাষক (কম্পিউটার অপারেশন) | ৩২. কম্পিউটার অপারেশন | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার বিষয়ে ০৪ (চার) বছর মেয়াদী স্নাতক (সম্মান) ২য় শ্রেণী/ সমমান<br>অথবা<br>বিজ্ঞান বিভাগে (পদার্থ, রসায়ন, উদ্ভিদবিজ্ঞান, প্রাণিবিজ্ঞান, গণিত ও পরিসংখ্যান) ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রিসহ সরকার অনুমোদিত যে কোন ১টি প্রতিষ্ঠান (নেকটার, যুব উন্নয়ন অধিদপ্তর, মহিলা ও শিশু বিষয়ক অধিদপ্তর, সমাজসেবা অধিদপ্তর, কারিগরি শিক্ষা বোর্ড, সরকারী পলিটেকনিক ইনস্টিটিউট, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় কর্তৃক পরিচালিত কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র এবং স্বীকৃত বিশ্ববিদ্যালয়) হতে ন্যূনতম ৬ মাস মেয়াদি প্রশিক্ষণপ্রাপ্ত হতে হবে।<br>(বর্ণিত সর্বশেষ ডিগ্রি ব্যতিত শিক্ষা জীবনের অন্যান্য স্তরে যেকোন ১টি ৩য় শ্রেণী/ সমমান গ্রহণযোগ্য হবে) |
| | প্রভাষক (হিসাবরক্ষণ) | ৩৩. হিসাব রক্ষণ | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক ডিগ্রীসহ ২য় শ্রেণী/ সমমানের স্নাতকোত্তর ডিগ্রি।<br>অথবা;<br>স্বীকৃত বিশ্বদ্যিালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে ৪ বছর মেয়াদী ২য় শ্রেণী/ সমমানের স্নাতক (সম্মান) ডিগ্রি।<br>(বর্ণিত সর্বশেষ ডিগ্রি ব্যতিত শিক্ষা জীবনের অন্যান্য স্তরে যেকোন ১টি ৩য় শ্রেণী/ সমমান গ্রহণযোগ্য হবে) |
| | প্রভাষক (ব্যাংকিং) | ৩৪. ব্যাংকিং | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্যিক বিষয়ে স্নাতক ও ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রি/ সমমান।<br>অথবা<br>বাণিজ্যিক বিষয়ে ০৪ (চার) বছর মেয়াদী ২য় শ্রেণীর অনার্স ডিগ্রি/ সমমান।<br>(বর্ণিত সর্বশেষ ডিগ্রি ব্যতিত শিক্ষাজীবনের অন্যান্য স্তরে যেকোন ১টি ৩য় শ্রেণী/ সমমান গ্রহণযোগ্য হবে) |
| | প্রভাষক (উদ্যোক্তা উন্নয়ন) | ৩৫. উদ্যোক্তা উন্নয়ন | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্যিক বিষয়ে স্নাতকসহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রি/ সমমান।<br>অথবা<br>বাণিজ্যিক বিষয়ে ০৪ (চার) বছর মেয়াদী ২য় শ্রেণীর অনার্স ডিগ্রি/ সমমান।<br>(বর্ণিত সর্বশেষ ডিগ্রি ব্যতিত শিক্ষাজীবনের অন্যান্য স্তরে যেকোন ১টি ৩য় শ্রেণী/ সমমান গ্রহণযোগ্য হবে) |
| কলেজ/ ব্যবসায় ব্যবস্থাপনা ইনস্টিটিউট | প্রভাষক (সাচিবিক বিদ্যা) | ৩৬. সাচিবিক বিদ্যা | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে হিসাববিজ্ঞান/ ব্যবস্থাপনা/ মার্কেটিং/ ফিন্যান্স ও ব্যাংকিং/ পরিসংখ্যান/ গণিত/ অর্থনীতি বিষয়ে স্নাতকসহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রি<br>অথবা<br>স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে হিসাববিজ্ঞান/ ব্যবস্থাপনা/ মার্কেটিং/ ফিন্যান্স ও ব্যাংকিং/ পরিসংখ্যান/ গণিত/ অর্থনীতি বিষয়ে ০৪ (চার) বছর মেয়াদী স্নাতক (সম্মান) ২য় শ্রেণী/ সমমান।<br>উভয়ক্ষেত্রে সরকার অনুমোদিত প্রতিষ্ঠান (নেকটার, যুব উন্নয়ন অধিদপ্তর, মহিলা ও শিশু বিষয়ক অধিদপ্তর, সমাজসেবা অধিদপ্তর, কারিগরি শিক্ষা বোর্ড, সরকারি পলিটেকনিক ইনস্টিটিউট, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় কর্তৃক পরিচালিত কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র এবং স্বীকৃত বিশ্ববিদ্যালয়) হতে সাচিবিকবিদ্যা বিষয়ে ন্যূনতম ০৬ (ছয়) মাসের প্রশিক্ষণ।<br>(বর্ণিত সর্বশেষ ডিগ্রি ব্যতিত শিক্ষাজীবনের অন্যান্য স্তরে যেকোন ১টি ৩য় শ্রেণী/ সমমান গ্রহণযোগ্য হবে) |

### নিম্নবর্ণিত শর্তগুলি আবেদনের ক্ষেত্রে এবং পরীক্ষার ক্ষেত্রে অনুসরণীয় ঃ

১. প্রার্থীগণ ১০০ নম্বরের আবশ্যিক বিষয় এবং ১০০ নম্বরের ঐচ্ছিক বিষয়সহ মোট ২০০ নম্বরের পরীক্ষায় অংশ গ্রহণ করবেন। প্রতি বিষয়ের পাশ নম্বর ৪০। আবশ্যিক বিষয়ের ১০০টি MCQ প্রশ্নের ১০০ নম্বরের জন্য সময় ০১ ঘন্টা এবং ঐচ্ছিক বিষয়ের ১০০ নম্বরের লিখিত পরীক্ষার জন্য সময় ৩ ঘন্টা। আবশ্যিক বিষয়ের MCQ প্রশ্নের প্রতিটি ভুল উত্তরের জন্য ০.৫০ (শূন্য দশমিক পাঁচ শূন্য) নম্বর কর্তন করা হবে।

২. স্কুল পর্যায়ের আবশ্যিক ও ঐচ্ছিক বিষয়ের পরীক্ষা আগামী **২৩ আগস্ট, ২০১৩ খ্রিঃ তারিখ শুক্রবার সকাল ০৮.৩০ টা হতে দুপুর ১২.৩০ টা** এবং কলেজ পর্যায়ের আবশ্যিক ও ঐচ্ছিক বিষয়ের পরীক্ষা আগামী **২৪ আগস্ট, ২০১৩ খ্রিঃ তারিখ শনিবার সকাল ০৯.০০ টা হতে দুপুর ০১.০০ টা** পর্যন্ত অনুষ্ঠিত হবে।

৩. প্রদর্শক, শরীরচর্চা শিক্ষক ও সহকারী শিক্ষক (শরীরচর্চা) পদের পরীক্ষা স্কুল পর্যায়ের পরীক্ষার দিনে অনুষ্ঠিত হবে।

৪. সকল পদের পরীক্ষার্থীদের ক্ষেত্রে তাঁদের পছন্দকৃত ঐচ্ছিক বিষয়ে এনটিআরসিএ প্রদত্ত সিলেবাস অনুসরণপূর্বক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

৫. প্রার্থীগণ http://ntrca.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। অনলাইনে আবেদনপত্র পূরণ এবং পরীক্ষার ফি জমাদান শুরু ও শেষ হওয়ার তারিখ ও সময় ঃ

ক. আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময় ঃ **১০ এপ্রিল, ২০১৩ খ্রিঃ সকাল ১০:০০ টা।**

খ. আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় ঃ **১০ মে, ২০১৩ খ্রিঃ তারিখ সন্ধ্যা ৬:০০ টা।**

গ. আবেদনপত্র গ্রহণের শেষ তারিখ ও সময় ঃ **১০ মে, ২০১৩ খ্রিঃ তারিখ সন্ধ্যা ৬:০০ টার** মধ্যে শুধু User ID প্রাপ্ত প্রার্থীগণ উক্ত সময়ের পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে **(অর্থাৎ ১৩ মে, ২০১৩ খ্রিঃ তারিখ সন্ধ্যা ৬:০০ টা পর্যন্ত)** এমএসএম-এ (বিজ্ঞাপন ২৬নং অনুচ্ছেদের নির্দেশনা অনুসরণ করে) পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

৬. প্রার্থী কর্তৃক Online-এ আবেদনপত্র পূরণের সময় প্রার্থীর স্বাক্ষরের দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৮০ pixel ও রঙ্গিন ছবির দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৩০০ pixel স্ক্যান করে Online আবেদনপত্রের নির্ধারিত স্থানে Upload করতে হবে।

৭. যেহেতু Online-এ পূরণকৃত তথ্যই পরবর্তী সকল কার্যক্রমে এবং উত্তীর্ণ প্রার্থীদের সার্টিফিকেট-এ ব্যবহৃত হবে সেহেতু Online-এ আবেদনপত্র Submit এবং পরীক্ষার ফি প্রদান করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

৮. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি হার্ডকপি পরীক্ষা সংক্রান্ত যেকোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন। SMS-এর মাধ্যমে প্রাপ্ত Serial Number-টি হার্ডকপির নির্ধারিত স্থানে অবশ্যই উল্লেখ করবেন।

৯. **প্রয়োজনীয় সনদসমূহ** ঃ প্রার্থী কর্তৃক Online আবেদনপত্র পূরণ করার পর আবেদনপত্রের হার্ডকপির সাথে সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র, নম্বর ফর্দ (মার্ক সীট/ টেবুলেশন সীট), নাগরিকত্ব সনদ, প্রযোজ্যক্ষেত্রে প্রশিক্ষণ সনদ, জাতীয় পরিচয়পত্র ইত্যাদির সত্যায়িত অনুলিপি সংযুক্ত করে স্কুল পর্যায়ের প্রার্থীগণ **হলুদ খামে** এবং কলেজ পর্যায়ের প্রার্থীগণ **খাকি খামে** ভরে **সদস্য (পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন), এনটিআরসিএ, নায়েম একাডেমিক ভবন (৬ষ্ঠ তলা), ধানমন্ডি, ঢাকা ১২০৫**-এর নিকট সরাসরি/ ডাকযোগে আগামী ২৫ মে, ২০১৩ খ্রিঃ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে।

**১০. নির্ধারিত তারিখের মধ্যে আবেদনপত্রের হার্ডকপি এনটিআরসিএ'র দপ্তরে পৌছাতে ব্যর্থ হলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা বাতিল বলে গণ্য হবে।**

১১. শিক্ষাগত যোগ্যতার ক্ষেত্রে পরীক্ষায় অবতীর্ণ (Appeared) কোন প্রার্থীর আবেদনপত্র গ্রহণযোগ্য হবেনা। তবে সদ্য উত্তীর্ণ পরীক্ষার্থীগণ সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রদত্ত প্রসংশাপত্র, টেব্যুলেশন সিট/ নম্বরপত্রসহ আবেদন করতে পারবেন।

১২. প্রার্থী যে পদে আবেদন করতে ইচ্ছুক সেই পদের বিপরীতে বিজ্ঞপ্তির ৩ নং কলামে উল্লেখিত বিষয় তার পরীক্ষার ঐচ্ছিক বিষয় হিসেবে নির্ধারণ করে Online আবেদনপত্রে উল্লেখ করতে হবে এবং ৪ নং কলামে বর্ণিত যোগ্যতা অনুযায়ী আবেদনের গ্রহণযোগ্যতা যাচাই করা হবে।

১৩. প্রার্থীর আবেদনপত্র বিজ্ঞাপিত শর্তানুযায়ী যাচাই বাছাই করে সঠিক পাওয়া গেলে সংশ্লিষ্ট প্রার্থী পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য বলে বিবেচিত হবেন।

১৪. ইতোঃপূর্বে অনুষ্ঠিত নিবন্ধন পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থী ইচ্ছে করলে যোগ্যতা সাপেক্ষে ৯ম শিক্ষক নিবন্ধন পরীক্ষা ২০১৩-এ অন্য বিষয়ে অংশগ্রহণ করতে পারবেন।

১৫. প্রার্থী তাঁর আবেদনপত্রে পরীক্ষার কেন্দ্র হিসেবে যে জেলার নাম উল্লেখ করবেন সে জেলার পরীক্ষা কেন্দ্রে তাঁকে পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

১৬. দেশের পুরাতন বিশটি জেলা শহরে (দিনাজপুর, রংপুর, বগুড়া, রাজশাহী, পাবনা, কুষ্টিয়া, যশোর, খুলনা, জামালপুর, ময়মনসিংহ, টাঙ্গাইল, ঢাকা, ফরিদপুর, কুমিল্লা, নোয়াখালী, চট্টগ্রাম , বরিশাল, পটুয়াখালী, সিলেট ও রাঙ্গামাটি) ৯ম শিক্ষক নিবন্ধন পরীক্ষা অনুষ্ঠিত হবে।

১৭. প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, সংশ্লিষ্ট প্রার্থীর নিবন্ধন পরীক্ষা বাতিল করা হবে এবং তাঁর বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/ জাল কাগজপত্র দাখিলপূর্বক পরীক্ষায় উত্তীর্ণ যেকোন প্রার্থীর নিবন্ধন সনদ বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

১৮. যদি কোন প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোন ব্যক্তিকে বিয়ে করেন বা করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোন ফৌজদারি আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দণ্ডিত হন কিংবা কোন সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বা বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকুরি হতে বরখাস্ত হয়ে থাকেন এবং উক্তরূপ বরখাস্তের পর দুই বছর অতিক্রান্ত না হয়ে থাকে তবে তিনি আবেদন করার জন্য যোগ্য বলে বিবেচিত হবেন না।

১৯. ৯ম বেসরকারি শিক্ষক নিবন্ধন পরীক্ষা ২০১৩-এর বিজ্ঞপ্তি, পরীক্ষার সিলেবাস, Online-এ আবেদনপত্র পূরণের নিয়মাবলি, SMS-এর মাধ্যমে পরীক্ষার ফিস প্রদানের নিয়মাবলি ও অন্যান্য প্রয়োজনীয় তথ্যাদি ওয়েবসাইট http://ntrca.teletalk.com.bd এ পাওয়া যাবে।

২০. ফলাফল প্রকাশের তারিখ হতে পরবর্তী ৯০ (নব্বই) দিনের মধ্যে উত্তীর্ণ প্রার্থীর সনদপত্র স্থায়ী ঠিকানার জেলা শিক্ষা অফিসে প্রেরণ করা হবে। এই সময়ের মধ্যে এনটিআরসিএ কোন সাময়িক প্রত্যয়নপত্র প্রদান করবে না। ওয়েবসাইটে প্রদত্ত ফলাফল সাময়িক প্রত্যয়নপত্র হিসেবে গণ্য হবে।

২১. পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্য NTRCA-এর ৯৬১৩৮৩৫, ৯৬১৩০২৯ ও ৯৬১৫৭৫০ নম্বর টেলিফোন থেকে জানা যাবে।

২২. **SMS পাঠানোর নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান** ঃ Online এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণপূর্বক নির্দেশনা মতে ছবি এবং Signature upload করে প্রার্থী কর্তৃক আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র submit করা সম্পন্ন হলে প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবে। উক্ত Applicant's copy প্রার্থীকে প্রিন্ট অথবা download করে সংরক্ষণ করতে হবে। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে SMS করে পরীক্ষার ফি বাবদ ৩৫০/- (তিনশত পঞ্চাশ) টাকা অনধিক ৪৮ (আটচল্লিশ) ঘন্টার মধ্যে জমা দিবেন।

বিশেষভাবে উল্লেখ্য, "আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত আবেদনপত্র কোন অবস্থাতেই গ্রহণ করা হবে না"।

**প্রথম SMS** ঃ NTRCA<space>User ID লিখে Send করুন 16222 নম্বরে।

**দ্বিতীয় SMS** ঃ NTRCA<space>Yes<Space>PIN লিখে Send করুন 16222 নম্বরে।

২৩. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://ntrca.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইলে SMS-এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীকে) যথাসময়ে জানানো হবে। টেলিটক হতে প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, বিষয়, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র Download পূর্বক Print করে নিতে হবে। এই প্রবেশপত্রটি পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে সনদ গ্রহণের সময়ে অবশ্যই প্রদর্শন করতে হবে।

২৪. শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে প্রার্থীদের নিজ নিজ User ID, Serial এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন।

ক. User ID জানা থাকলে ঃ NTRCA<Space> Help<Space> User<Space>User ID & send to 16222.
Exp: NTRCA Help User ABCDEF & send to 16222

খ. PIN Number জানা থাকলে ঃ NTRCA<Space> Help<Space> PIN<Space>PIN No & send to 16222.
Exp: NTRCA Help PIN 12345678 & send to 16222

২৫. **সতর্কতা** ঃ পরীক্ষায় অংশগ্রহণকালে প্রার্থীকে প্রশ্নপত্রে উল্লিখিত বিষয় কোড, আবশ্যিক বিষয়ের সেট নম্বর ও প্রবেশপত্রে উল্লিখিত রোল নম্বর আবশ্যিক বিষয়ের OMR উত্তরপত্রে এবং ঐচ্ছিক বিষয়ের উত্তরপত্রের OMR-এর ১ম অংশের নির্ধারিত স্থানে লিখতে হবে এবং সংশ্লিষ্ট বৃত্তগুলো সঠিকভাবে ভরাট করতে হবে। OMR পূরণে ভুল/ ঘষামাজা/ কাটাকাটি হলে পরীক্ষার ফলাফল বাতিল হতে পারে।

২৬. অনিবার্য কারণবশতঃ পরীক্ষার তারিখ পরিবর্তিত হলে তা যথানিয়মে/ যথাসময়ে অবহিত করা হবে।

২৭. পরীক্ষা গ্রহণ ও নিবন্ধন সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

স্বাঃ/-
ছামেনা বেগম (যুগ্ম-সচিব)
সদস্য (পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন)
এনটিআরসিএ, ঢাকা
ফোন ঃ ৯৬১৩৯৭০

GD- 1343